

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
অভয়নগর, যশোর।
uwaoabhaynagar@gmail.com

প্রশিগার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মহিলা প্রশিক্ষণ কেন্দ্র অভয়নগর যশোরে সূচি ও দর্জি বিজ্ঞান ট্রেডে দরিদ্র, অসহায়, বিদেশ ফেরত, বিধবা, স্বামী পরিত্যক্তা ও সুবিধা বঞ্চিত নারীদের (১৮-৩৫ বছর) মহিলাদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ০১ জানুয়ারী ২০২৪ হতে ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
দর্জি বিজ্ঞান	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, অভয়নগর, যশোর	০৩ (তিন) মাস মেয়াদী ৬০ (ষাট) দিন	৩০জন।	১৮-৩৫ বছর পর্যন্ত	দরিদ্র, অসহায় ও সুবিধা বঞ্চিত নারী/মহিলা

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়ামাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে মহিলা বিষয়ক অধিদপ্তর, অভয়নগর, যশোরে কার্যালয় হতে ভর্তির আবেদন ফরম গ্রহণ করতে হবে। উক্ত আবেদন ফরম পূরণ পূর্বক অত্র দপ্তরে নির্দিষ্ট সময় সীমার মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্দিষ্ট সময় সীমার পরে আবেদনপত্র অত্র দপ্তরে জমা দিলে তা বাতিল বলে গণ্য হবে।

০২। আবেদনপত্র গ্রহণ ও জমা দানের শেষ তারিখ ও সময়ঃ- ০১/০১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত।

০৩। বিজ্ঞপ্তিতে আসন সংখ্যা হ্রাস বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৪। প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৫। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন হাজিরার জন্য ১০০/- (একশত) টাকা করে ৬০ (ষাট) কর্মদিবসের জন্য মোট (১০০×৬০)=৬,০০০/- (ছয় হাজার) টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

০৬। উক্ত প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে উক্ত ট্রেডের উপর অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র প্রদান করা হবে।

০৭ প্রয়োজনীয় কাগজপত্র সমূহঃ

১) পৌরসভার / ইউনিয়ন পরিষদের নাগরিকত্বের সনদপত্র।

২) ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঞ্জিন সত্যায়িত ছবি।

৩) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

৪) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৫) ফরম জমা দেওয়ার শেষ তারিখঃ ২১/১২/২০২৩ খ্রি. (অফিস চলাকালিন সময় পর্যন্ত)।

৬) মৌখিক পরিক্ষা গ্রহণের তারিখ ও সময়ঃ- অফিসের নোটিশ বোর্ডে অথবা ফরমে দেওয়া নম্বরে ফোন কলের মাধ্যমে জানানো হবে।

বিঃদ্রঃ সূচি ও দর্জি বিজ্ঞান ট্রেডের আবেদন ফরম উপজেলা মহিলা বিষয়ক অফিস, অভয়নগর, যশোর হতে নিতে হবে এবং

নির্দিষ্ট সময় সীমার মধ্যে আবেদনপত্র অত্র দপ্তরে জমা দিতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।



(রাজকুমার পাল)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
অভয়নগর, যশোর।